**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা, সোমবার ২১ নভেম্বর ২০১৬, ৭ অগ্রহায়ণ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ২০৩০ সালের আগেই প্রত্যেক নাগরিকের জন্য সুপেয় পানি নিশ্চিত হবে : প্রধানমন্ত্রী
২। ভারতে ট্রেন দুর্ঘটনায় হতাহতের ঘটনায় প্রধানমন্ত্রীর শোক
৩। দেশে ক্যান্সার চিকিৎসায় প্রয়োজনীয় ব্যবস্থা নিন : স্বাস্থ্যমন্ত্রীকে প্রধানমন্ত্রীর নির্দেশ
৪। রাঙ্গামাটি কলেজে ছাত্রীর অনুরোধে শিক্ষক শূন্যতা পূরণে শিক্ষামন্ত্রীকে প্রধানমন্ত্রীর নির্দেশ
৫। প্রধানমন্ত্রীর সিলেট সফর দিয়েই শুরু নির্বাচনী প্রচারণা : অর্থমন্ত্রী
৬। জাতীয় ক্ষুদ্র ও মাঝারি শিল্প নীতিমালা ঘোষণা শীঘ্রই : শিল্পমন্ত্রী
৭। রোহিঙ্গা অনুপ্রবেশ বন্ধে সীমান্তে সতর্কতা বৃদ্ধি : স্বরাষ্ট্রমন্ত্রী
৮। সরকার যোগাযোগ খাতে অনেক মেগা প্রকল্প বাস্তবায়ন করছে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী
৯। বিদেশি চ্যানেলে বিজ্ঞাপন প্রচার বিষয়ে আইন অনুযায়ী সিদ্ধান্ত : তথ্যমন্ত্রী
১০। জেলা পরিষদ নির্বাচনের মনোনয়নপত্র জমা আগামী ১ ডিসেম্বরের মধ্যে
১১। আজ ঐতিহাসিক সশস্ত্র বাহিনী দিবস
১২। বাংলাদেশ দক্ষিণ এশিয়ার তৃতীয় শান্তিপূর্ণ দেশ

চলমান পাতা-২

১। **২০৩০ সালের আগেই প্রত্যেক নাগরিকের জন্য সুপেয় পানি নিশ্চিত হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের নেওয়া বৈশ্বিক লক্ষ্য অনুযায়ী ২০৩০ সালের অনেক আগেই বাংলাদেশে প্রত্যেক নাগরিকের জন্য নিরাপদ সহজলভ্য পানি সরবরাহ নিশ্চিত করা হবে জানিয়ে বলেছেন, সকলের জন্য নিরাপদ পানি ও পয়:নিষ্কাশন নিশ্চিতকরণসহ এসডিজি বিশ্বব্যাপী অনুকরণীয় দৃষ্টান্ত বা রোল মডেল হয়ে উঠতে পারে সে জন্য কৌশলপত্র প্রণয়ন করতে হবে। আমি বিশ্বাস করি, এমডিজির মতো এসডিজির ক্ষেত্রে ও আমাদের সাফল্য অর্জিত হবে। সরকার জনগণের জন্য নিরাপদ পানি নিশ্চিত করতে ইতোমধ্যে যুগান্তকারী সাফল্য অর্জন করেছে। বর্তমানে দেশের ৯৮ শতাংশ মানুষ নিরাপদ পানি পাচ্ছে। আমরা শতভাগ মানুষকে নিরাপদ পানি সরবরাহ করতে চাই। গতকাল ২০ নভেম্বর রোববার প্রধানমন্ত্রীর তেজগাঁওস্থ কার্যালয়ে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি-৬) বাস্তবায়নে পানি সম্পদ মন্ত্রণালয় এবং সেন্টার ফর এনভায়রনমেন্টাল অ্যান্ড জিওগ্রাফিক ইনফর্মেশন সার্ভিস উদ্যোগে আয়োজিত 'সবার জন্য নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা :বাংলাদেশ প্রেক্ষিত' শীর্ষক জাতীয় কর্মশালায় উদ্বোধনী বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৫)। **ইত্তেফাক, ইনকিলাব** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **ভারতে ট্রেন দুর্ঘটনায় হতাহতের ঘটনায় প্রধানমন্ত্রীর শোক**

ভারতের কানপুরে ট্রেন লাইনচ্যুত হয়ে শতাধিক যাত্রীর প্রাণহানির ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কাছে পাঠানো এক শোক বার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের সরকার, জনগণ এবং ব্যক্তিগতভাবে তিনি এই দুর্ঘটনায় স্বজন হারানোদের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেছেন। তিনি দুর্ঘটনায় আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.২)**, সমকাল** (পৃ.২,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৩। **দেশে ক্যান্সার চিকিৎসায় প্রয়োজনীয় ব্যবস্থা নিন : স্বাস্থ্যমন্ত্রীকে প্রধানমন্ত্রীর নির্দেশ**

দেশে ক্যান্সারের চিকিৎসা এখনও অপ্রতুল। চিকিৎসকদের দক্ষতা বাড়লেও অপর্যাপ্ত অবকাঠামো ও মেডিকেল উপকরণের কারণে ব্যাহত হচ্ছে ক্যান্সারের চিকিৎসা। তাই দেশে ক্যান্সার চিকিৎসার অবকাঠামো আরও মজবুত করার জন্য স্বাস্থ্যমন্ত্রীকে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গত ১৯ নভেম্বর শনিবার রাজধানীতে চিকিৎসকদের এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ নির্দেশ দেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮)।

৪। **রাঙ্গামাটি কলেজে ছাত্রীর অনুরোধে শিক্ষক শূন্যতা পূরণে শিক্ষামন্ত্রীকে প্রধানমন্ত্রীর নির্দেশ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গত ১৯ নভেম্বর শনিবার ভিডিও কনফারেন্সে রাঙামাটি সরকারি মহিলা কলেজে শিক্ষক শূন্যতার কথা তুলে ধরেন এক আদিবাসী ছাত্রী। প্রধানমন্ত্রী সঙ্গে সঙ্গে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে ওই কলেজের শূন্য সব পদ পূরণের নির্দেশ দেন। গতকাল ২০ নভেম্বর রোববারই কলেজের শিক্ষকদের শূন্য পদগুলো পূরণ করেছে শিক্ষা মন্ত্রণালয়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৮)।

৫। **প্রধানমন্ত্রীর সিলেট সফর দিয়েই শুরু নির্বাচনী প্রচারণা : অর্থমন্ত্রী**

প্রধামন্ত্রীর সিলেটে সফরের মধ্য দিয়ে শুরু হতে যাচ্ছে আওয়ামী লীগের নির্বাচনী প্রচারণা। ২০১৮ সালের শেষের দিকে জাতীয় সংসদ নির্বাচন হওয়ার সম্ভাবনা রয়েছে। গতকাল ২০ নভেম্বর রোববার সিলেটে এসব তথ্য জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। আগামী ২৩ নভেম্বর বুধবার সিলেট সফরে যাবেন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেন, আগামী ডিসেম্বরে জ্বালানি তেলের দাম আরেক দফা কমানোর ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে। চলতি মাসের মধ্যে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে এ নিয়ে আলোচনা হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **ইনকিলাব** (পৃ.১৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৪,ক.১)।

৬। **জাতীয় ক্ষুদ্র ও মাঝারি শিল্প নীতিমালা ঘোষণা শীঘ্রই : শিল্পমন্ত্রী**

ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতের (এসএমই) দক্ষতা বাড়াতে শীঘ্রই জাতীয় এসএমই নীতিমালা ঘোষণা করা হবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। গত ১৯ নভেম্বর শনিবার রাজধানীর একটি হোটেলে



ইউরোপিয়ান ইউনিয়নের সহায়তায় বাস্তবায়িত বাংলাদেশ ইন্সপায়ার্ড প্রকল্পের সমাপনী বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৮), **সমকাল** (পৃ.১২,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১৯,ক.১), **ডেইলি সান বিজনেস** (পৃ.১,ক.৭)।

**৭। রোহিঙ্গা অনুপ্রবেশ বন্ধে সীমান্তে সতর্কতা বৃদ্ধি : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, বাংলাদেশ-মিয়ানমার সীমান্তে অস্থিতিশীল পরিস্থিতি বিরাজ করছে। মিয়ানমারের রোহিঙ্গারা যাতে বাংলাদেশে অনুপ্রেবেশ করতে না পারে, সেজন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সতর্ক অবস্থানে রয়েছে। গতকাল ২০ নভেম্বর রোববার সচিবালয়ে জাতীয় চোরাচালান প্রতিরোধ কমিটির বৈঠক শেষে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.২), **অবজারভার** (পৃ.১৬,ক.৫), **নিউ এজ** (পৃ.১,ক.৬)।

**৮। সরকার যোগাযোগ খাতে অনেক মেগা প্রকল্প বাস্তবায়ন করছে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বর্তমান সরকার সারা দেশের যোগাযোগ ব্যবস্থার অবকাঠামো উন্নয়নে অনেক মেগা প্রকল্প বাস্তবায়ন করছে। এই সমস্ত ব্যয়বহুল প্রকল্প দেশের মানুষ এবং বিদেশি বন্ধু রাষ্ট্রের আর্থিক সহায়তায় নির্মিত হচ্ছে। গতকাল ২০ নভেম্বর রোববার ধানমন্ডিস্থ আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে বাংলাদেশ ট্রাক, কাভার্ড ভ্যান এবং ট্রান্সপোর্ট এজেন্সি মালিক-শ্রমিক ঐক্য পরিষদ নেতৃবৃন্দের সঙ্গে সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫)।

**৯। বিদেশি চ্যানেলে বিজ্ঞাপন প্রচার বিষয়ে আইন অনুযায়ী সিদ্ধান্ত : তথ্যমন্ত্রী**

অনুমোদিত বিদেশি চ্যানেলে বাংলাদেশের বিজ্ঞাপন প্রচার বন্ধের দাবির পরিপ্রেক্ষিতে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, এ বিষয়ে আইন অনুযায়ী সিদ্ধান্ত নেওয়া হবে। সচিবালয়ে গতকাল ২০ নভেম্বর রোববার টেলিভিশন চ্যানেল মালিক, কলাকুশলী, বিজ্ঞাপনদাতাদের সংগঠন মিডিয়া ইউনিটি নেতাদের সঙ্গে বৈঠকে তথ্যমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.৪,ক.৪), **ইনকিলাব** (পৃ.১৫,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.২)।

**১০। জেলা পরিষদ নির্বাচনের মনোনয়নপত্র জমা আগামী ১ ডিসেম্বর মধ্যে**

আগামী ১ ডিসেম্বরের মধ্যে মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ সময় নির্ধারণ করে জেলা পরিষদ নির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। ২৮ ডিসেম্বর ভোট গ্রহণের দিন আগেই নির্ধারণ করে দিয়েছিল স্থানীয় সরকার মন্ত্রণালয়। গতকাল ২০ নভেম্বর রোববার প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী রকিবউদ্দীন আহমদ জেলা পরিষদের পূর্ণাঙ্গ তফসিল ঘোষণা করেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

**১১। আজ ঐতিহাসিক সশস্ত্র বাহিনী দিবস**

আজ ২১ নভেম্বর সোমবার সশস্ত্র বাহিনীর ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ও তাৎপর্যপূর্ণ দিন। স্বাধীনতাযুদ্ধ চলাকালে ১৯৭১ সালের এই দিনে সেনা, নৌ ও বিমান বাহিনীর সমন্বয়ে আনুষ্ঠানিকভাবে গঠিত হয়েছিল বাংলাদেশ সশস্ত্র বাহিনী। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

**১২।　বাংলাদেশ দক্ষিণ এশিয়ার তৃতীয় শান্তিপূর্ণ দেশ**

দক্ষিণ এশিয়ার মধ্যে শান্তিপূর্ণ দেশ হিসেবে বাংলাদেশের অবস্থান তৃতীয়। আর বৈশ্বিক হিসেবে এক ধাপ এগিয়ে এবার বাংলাদেশের অবস্থান ৮৩তম। সম্প্রতি প্রকাশিত ২০১৬ সালের বৈশ্বিক শান্তি সূচকে (জিপিআই) এ তথ্য উঠে এসেছে। সিডনি ভিত্তিক ইনস্টিটিউট ফর ইকোনমিকস অ্যান্ড পিস (আইইপি) বৈশ্বিক শান্তিময়তা পর্যালোচনা করে ১৬৩ দেশের এ তালিকা প্রকাশ করে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮)।

=৪=

**সম্পাদকীয়**

ক.　**ইত্তেফাক :** দেশের প্রায় এক হাজার প্রতিষ্ঠানের ১৪০টি দেশে ৯০ ধরনের কৃষি প্রক্রিয়াজাত খাদ্যপণ্য রপ্তানির বিষয় তুলে ধরে এসব খাতে সরকারের প্রণোদনা অব্যাহত থাকার প্রত্যাশা ।

খ.　**সংবাদ, যুগান্তর, ইনকিলাব, ভোরের কাগজ :** পুলিশের বিরুদ্ধে ছিনতাই, নাগরিক অপহরণ ও হত্যার গুরুতর অভিযোগের আইনি বিহিত করার সুপারিশ।

গ.　**জনকণ্ঠ, প্রথম আলো :** নতুন করে রোহিঙ্গা শরণার্থীর বোঝা বহন করা জনবহুল বাংলাদেশের পক্ষে অসম্ভব হয়ে পড়ায় ইউএনএইচসিআরসহ আন্তর্জাতিক সংস্থাগুলোকে মিয়ানমারের ওপর চাপ সৃষ্টি করে রোহিঙ্গাদের ওপর নির্যাতন বন্ধের ব্যবস্থা করার আহ্বান।

ঘ.　**সমকাল :** সরকারি কেনাকাটায় অনিয়ম দুর্নীতির মাত্রা সীমিত রাখতে কেনাকাটায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঙ.　**যুগান্তর :** আসন্ন নারায়ণগঞ্জ সিটি করপোরেশন নির্বাচন বর্তমান নির্বাচন কমিশনের শেষ নির্বাচনী দায়িত্ব হওয়ায় এ দায়িত্ব সঠিকভাবে পালনে নির্বাচন কমিশনের প্রতি আহ্বান।

চ.　**ইন্ডিপেনডেন্ট :** দেশে শতভাগ সাক্ষরতার হার এখনো অর্জিত না হওয়ায় প্রধানমন্ত্রীর হতাশার কথা উল্লেখ করে এ সমস্যার পেছনে কারণগুলো খতিয়ে দেখে দৃঢ় সংকল্পের সঙ্গে সেগুলো মোকাবিলা করতে এবং নিরক্ষরদের স্কুলে যেতে উৎসাহিত করতে যথাযথ কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা।

ছ.　**ডেইলি স্টার :** ঝালকাঠির রাজাপুর উপজেলায় একজন প্রবীণ মুক্তিযোদ্ধাকে নৃশংসভাবে পিটিয়ে হত্যার ঘটনার সঙ্গে জড়িত দোষীদের খুঁজে বের করে আইনের আওতায় আনার জন্য সরকারের হস্তক্ষেপ কামনা এবং তাঁর প্রতিষ্ঠিত অবৈতনিক শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিশুদের শিক্ষার ব্যবস্থা নিশ্চিত করতে যথাযথ কর্তৃপক্ষের প্রতি আহ্বান।

জ.　**ফিনানশিয়াল এক্সপ্রেস, যায় যায় দিন :** বাংলাদেশের তথ্য প্রযুক্তি খাতের রপ্তানি বাণিজ্যে আউটসোর্সিং উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারে উল্লেখ করে সরকার এ খাতের উন্নয়নে পরিকল্পনা গ্রহণ করবে বলে আশাবাদ ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে সাম্প্রদায়িকতাকে আশ্রয় দিয়ে বা তার প্রতি নমনীয়তার পথ গ্রহণ করে গণতন্ত্র প্রতিষ্ঠা করা যায় না বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'সশস্ত্র বাহিনী দিবসের অবদান ও অঙ্গীকার'** শিরোনামের নিবন্ধে মুহাম্মদ ফারুক

খান গণতান্ত্রিক এবং নিয়মতান্ত্রিক নেতৃত্বের প্রতি অনুগত ও শ্রদ্ধাশীল থেকে পেশাগত দক্ষতা ও দেশপ্রেমের সমন্বয় ঘটিয়ে এদেশের সশস্ত্র বাহিনী তার অগ্রযাত্রা অব্যাহত রাখতে তৎপর থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত করেছেন।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা